

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৯১

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

القصل الاول

আরবী

وَعَنْ مَعْقِلِ بْنِ يَسَارٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «الْعِبَادَةُ فِي الْهَرْجِ كَهِجْرَةٍ إِلَيَّ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (130 / 2948)، (7400) ـ (صَحِیح)

বাংলা

৫৩৯১-[১৩] মা'কিল ইবনু ইয়াসার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ফিতনার সময় ইবাদতে ব্যস্ত থাকার প্রতিদান আমার দিকে হিজরত করে আসার সমপরিমাণ। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৩০-(২৯৪৮), তিরমিয়ী ২২০১, ইবনু মাজাহ ৩৯৮৫, সহীহুল জামি ৪১১৯, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৪০২, সহীহ ইবনু হিব্বান ৫৯৫৭, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৬৮৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা : আলোচ্য হাদীসে ফিতনার যুগে দীনের উপর অটল থেকে 'ইবাদত-বন্দেগী করাকে মক্কা বিজয়ের পূর্বে হিজরতের তুল্য গণ্য করা হয়েছে।

ইমাম নবাবী (রহিমাহুল্লাহ)-এর মতে ফিতনার যুগে ইবাদতের অধিক ফ্যীলতের কারণ, এ সময় অধিকাংশ মানুষ 'ইবাদত হতে গাফেল ও বিমুখ থাকে। কতিপয় লোকই কেবল এ সময় ইবাদতে মশগুল থাকবে। (শারহুন নববী ২৯৪৮, তিরমিয়ী ২২০১, ইবনু মাজাহ ৩৯৮৫, মুসনাদে আহমাদ ৫/২৫)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মা'কিল ইবনু ইয়াসার (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন